# দুদক কর্মকর্তাদের সম্পদ প্রকাশ বাধ্যতামূলক করল অন্তর্বর্তী সরকার



সংগৃহীত ছবি

দুর্নীতি দমন কমিশনের (দুদক) কর্মকর্তাদের স্বচ্ছতা নিশ্চিত করতে তাদের সম্পদের হিসাব দাখিল বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নিয়েছে অন্তর্বর্তী সরকার। এই বিধান যুক্ত করে 'দুর্নীতি দমন কমিশন অধ্যাদেশ ২০২৫'-এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ।

বৃহস্পতিবার (২৭ নভেম্বর) ফরেন সার্ভিস একাডেমিতে এক সংবাদ সম্মেলনে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেন, দুদক অধ্যাদেশ ছাড়াও বৈঠকে তিনটি গুরুত্বপূর্ণ অধ্যাদেশ অনুমোদন করা হয়েছে—জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, মানব পাচার প্রতিরোধ ও অভিবাসন অধ্যাদেশ এবং রাজউক আইন ২০২৫।

তিনি আরও জানান, ভবন নির্মাণে শৃঙ্খলা আনতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) মতো সারাদেশে একটি তদারকি সংস্থা গঠনের সম্ভাবনা খতিয়ে দেখতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস নির্দেশ দিয়েছেন।

LENS ASIA